

## বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) পরিদপ্তর

ই-মেইলঃ rebseict@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.১১২.১৮.০০২.২২.৭৫


তারিখঃ ১০ ই ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
২৩ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ

### দপ্তরাদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এর [১.২] একটি সেবা সহজিকরণ হিসেবে “ডিজিটাল বিল পেমেন্ট সার্টিফিকেট” এর বাস্তবায়ন সংক্রান্ত সরকারি আদেশ জারীকরণের লক্ষ্যমাত্রা আছে। “ডিজিটাল বিল পেমেন্ট সার্টিফিকেট” পোর্টালের মাধ্যমে ১৫ টি পবিস (ঢাকা-১/৩, গাজীপুর-১, ব্রাহ্মনবাড়ীয়া, ভোলা, কক্সবাজার, বরিশাল-২, ফরিদপুর, সিলেট-১/২, বিনাইদহ, যশোর-১, সুনামগঞ্জ, ময়মনসিং-১, টাঙ্গাইল) থেকে এক অর্থবছরে সকল বৈদ্যুতিক বিল পরিশোধকারী গ্রাহকদের সার্টিফিকেট প্রদানের বিষয়টি সম্পূর্ণ ডিজিটলাইজড করা হয়েছে।

এখন থেকে ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে সকল পবিসসমূহ থেকে পবিস কর্তৃপক্ষ গ্রাহকদের বিল পেমেন্ট সার্টিফিকেট প্রদান করতে পারবেন অথবা গ্রাহক নিজেই এসএমএস একাউন্ট নাম্বার ব্যবহার করে বিল পেমেন্ট সার্টিফিকেট ডাউনলোড করতে পারবেন এবং গ্রাহকের সার্টিফিকেটে সংযুক্ত সার্টিফিকেট নম্বর কিংবা কিউআর (QR Code) কোড স্ক্যান করে সার্টিফিকেট ভেরিফাই করতে পারবেন। এর ফলে বিল পেমেন্ট সার্টিফিকেট প্রাপ্তির ক্ষেত্রে গ্রাহকদের কোনো বিড়ম্বনায় পড়তে হবে না।

সংযুক্তিঃ (ক) ইউজার ম্যানুয়াল।

  
(মোহাঃ ফাহিম উদ্দিন) ১৩.০২.২০২২

সিনিয়র সিস্টেম এনালিস্ট,

আইসিটি, বাপবিবো

ও

আস্বায়ক,

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কমিটি।

### কার্যার্থে বিতরণ:

- ১) সকল দপ্তর/পরিদপ্তর, বাপবিবো।
- ২) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ঢাকা-১/৩, গাজীপুর-১, ব্রাহ্মনবাড়ীয়া, ভোলা, কক্সবাজার, বরিশাল-২, ফরিদপুর, সিলেট-১/২, বিনাইদহ, যশোর-১, সুনামগঞ্জ, ময়মনসিং-১, টাঙ্গাইল পবিস।

### অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) প্রধান প্রকৌশলী(প ও প/প্রকল্প)/নিয়ন্ত্রক(অর্থ ও হিসাব)/নির্বাহী পরিচালক, বাপবিবো।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পিএন্ডডি/ ওএমএন্ডডি), বাপবিবো।
- ৩) একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো।
- ৪) একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/ডিএন্ডও/পরিকল্পনা ও উন্নয়ন/পবিস ব্যবস্থাপনা), বাপবিবো।